গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী নম্বর-১১০

কোরআন সুন্নাহ'র আলোকে জীবন গঠন করলে আদর্শ মানুষ হওয়া সম্ভব
- বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ (সোমবার, ৩ ফেব্রুয়ারী)২০২৫ খ্রি:

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মোঃ মোখতার আহমেদ বলেন, কোরআন সুন্নাহর আলোকে জীবন গঠন করলে আদর্শ মানুষ হওয়া সম্ভব। তিনি আরো বলেন, ইসলামিক সাংস্কৃতিক চর্চার মাধ্যমে আমাদের শিশু কিশোররা ইসলামের ইতিহাস ও এর সৌন্দর্য কে আবিষ্কার করতে পারবে। তিনি তরুণ প্রজন্মকে ইসলামী সংস্কৃতি চর্চায় মনোনিবেশ করার আহ্বান জানান।

আজ ৩ ফেব্রুয়ারি সোমবার বিকালে ইসলামী ফাউন্ডেশন, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় মিলনায়তনে ইসলামী ফাউন্ডেশন আয়োজিত বিভাগীয় পর্যায়ে ইসলামী সংস্কৃতি প্রতিযোগিতার পুরস্কার ও সনদপত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার এসব কথা বলেন।

ইসলামী ফাউন্ডেশন ময়মনসিংহের বিভাগীয় কার্যালয়ের পরিচালক মোঃ হারেজ আহমদ এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নাসিরাবাদ কলেজ গভর্নিং বোর্ডের সভাপতি অধ্যাপক আমজাদ আলী।

অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার স্টাফ অফিসার ইবনে মিজান, ইসলামী ফাউন্ডেশনের সরকারী পরিচালক সুজন আহমেদ চৌধুরী, ফিল্ড অফিসার এনামুল হক বিন ফজলুল হক ও সিনিয়র ফিল্ড সুপারভাইজার খন্দকার মোস্তফা জামাল। আলোচনা শেষে প্রধান অতিথি প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় চার জেলা থেকে কয়েক শত প্রতিযোগী অংশগ্রহণ করেন।

মোস্তফা / জামান/রিদওয়ান/মনির / রেজভী /২০২৫/১৪:০০ ঘন্টা